

১নং সিন্দুরপুর ইউনিয়ন পরিষদের সভার কার্যবিবরণী ৪

সভাপতি	: চেয়ারম্যান, ১নং সিন্দুরপুর ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।
সভার তারিখ	: ১৬-০৪-২০২৩ খ্রী:
সময়	: বেলা ১০.৩০ ঘটিকা
সভার স্থান	: ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন, দাগনভূঞা, ফেনী।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

আলোচ্য সূচী সমূহ :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। পবিত্র ঈদুল ফিতর/২০২৩ উপলক্ষে ভিজিএফ বরাদ্দ।
- ৩। বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন।
- ৪। চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা প্রদান।
- ৫। খাদ্য বাস্তু কর্মসূচী এপ্রিল/২০২৩ মাসের বরাদ্দ।

অদ্য সভায় ১নং সিন্দুরপুর ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান জনাব নূর নবী সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে চেয়ারম্যান সাহেব উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন।

১। প্রথম আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত : সভায় ১নং আলোচ্য বিষয়ের আলোকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানো হয় এবং সর্বসম্মতি ক্রমে তা অনুমোদিত হয়।

২য় আলোচ্য সূচী ও সিদ্ধান্ত : সভায় ২নং আলোচ্য বিষয়ের আলোকে চেয়ারম্যান সাহেব জানান যে, পবিত্র ঈদুল ফিতর ২০২৩ উপলক্ষে ৫৬৫ জন উপকারভোগীর বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দের আওতায় ৯টি ওয়ার্ড হইতে তালিকা সংগ্রহ করে যাচাই বাছাই ক্রমে তালিকা প্রস্তুত করা হয়েছে।

৩য় আলোচ্য সূচী ও সিদ্ধান্ত : সভায় ৩নং আলোচ্য বিষয়ের আলোকে ইউপি সদস্য জনাব কামাল উদ্দিন জানান যে, বাংলা নববর্ষ ১৪৩০ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। ইউপি পক্ষ থেকে ব্যানার মঙ্গল শোভাযাত্রা করা হয়েছে।

৪র্থ আলোচ্যসূচী ও সিদ্ধান্ত : সভায় ৪নং আলোচ্য বিষয়ের আলোকে চেয়ারম্যান জানান যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে সদস্যদের ইউপি অংশের সম্মানী ভাতা প্রদান বিষয়ে ব্যাপক আলোচনা হয়। আলোচনাতে মার্চ/২০২৩ ইং পর্যন্ত ইউপি অংশের সম্মানী ভাতা প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৫ম আলোচ্যসূচী ও সিদ্ধান্ত : সভায় ৫নং আলোচ্য বিষয়ের আলোকে চেয়ারম্যান জানান যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে খাদ্য বাস্তু কর্মসূচীর আওতায় সিন্দুরপুর ইউনিয়নে ২১০ জনের এপ্রিল/২০২৩ ইং মাসের চালের বরাদ্দ পাওয়া গিয়াছে। উপকারভোগীরা যথা সময়ে উপস্থিত থেকে চাল সংগ্রহের জন্য সকল সদস্য কে আহবান জানানো হয়।